

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬০৯

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - হাওযে কাওসার ও শাফাআতের বর্ণনা

الفصل التَّالث (باب الْحَوْض والشفاعة)

আরবী

وَعَن حذيفة وَأَبِي هُرِيْرَة قَالَا: قَالَ رَسُولُ اللّهِ صَلّى اللّهُ عَلَيْهِ وَسَلّمَ: يَجْمَعُ اللّهُ تَبَارَكَ وَتَعَالَى النّاسَ فَيَقُومُ الْمُؤْمِنُونَ حَتَّى تُزْلَفَ لَهُمُ الْجَنَّةُ فَيَأْتُونَ آدَمَ فَيَقُولُونَ: يَا أَبَانَا اسْتَفْتِحْ لَنَا الْجَنَّةِ فَيَا أَبِيكُمْ لَسْتُ بِصَاحِب ذَلِكَ إِنَّمَا لَلْكَ اذْهَبُوا إِلَى ابْنِي إِبْرَاهِيمَ خَلِيلِ اللّهِ قَالَ: فَيَقُولُ إِبْرَاهِيمُ: لَسْتُ بِصَاحِب ذَلِكَ إِنَّمَا كُنْتُ خَلِيلًا مِنْ وَرَاءَ وَرَاءَ اعْمَدُوا إِلَى مُوسَى الَّذِي كَلَّمَهُ اللّهُ تَكْلِيمًا فَيَأْتُونَ مُوسَى كُنْتُ خَلِيلًا مِنْ وَرَاءَ وَرَاءَ اعْمَدُوا إِلَى مُوسَى الَّذِي كَلَّمَهُ اللّهُ تَكْلِيمًا فَيَأْتُونَ مُوسَى عَلَيْهِ السَّلَامِ فَيَقُولُ: لَسْتُ بِصَاحِب ذَلِكَ فَيَأْتُونَ مُوسَى الَّذِي كَلَّمَهُ اللّهُ تَكْلِيمًا فَيَأْتُونَ مُوسَى عَلَيْهِ السَّلَامَ فَيَقُولُ السَّيْرِ وَرَاءَ وَرَاءَ اعْمَدُوا إِلَى مُوسَى الَّذِي كَلَّمَهُ اللّهُ تَكْلِيمًا فَيَأْتُونَ مُوسَى عَلَيْهِ السَّلَامَ فَيَقُولُ اللّهُ عَلَيْهِ وَسَلّمَ فَيقُولُ اللّهُ عَلَيْهِ وَسَلّمَ فَيَقُولُ اللّهُ عَلَيْهِ وَسَلّمَ فَيَقُومُ فَيُؤُدُنُ لَهُ وَرُوحِهِ فَيَقُولُ اللّهُ عَلَيْهِ وَسَلّمَ اللّهُ عَلَيْهِ وَسَلّمَ فَيَقُومُ فَيُؤُدَنُ لَهُ وَرُوحِهِ فَيَقُولُ اللّهَ عَلَيْهِ وَسَلّمَ اللّهُ عَلَيْهِ وَلِيلًا فَيَوْنَ لَكُ مُولِكُونُ اللّهَ عَلَيْهِ وَسَلّمَ الْمَوْنِ عَلَيْ مَوْنَ اللّهَ عَلَى الْمَرْقِ كَيْفَ يَمُنْ أَقُولُ الْمَوسَى حَلَيْ السَّلَمُ اللّهُ عَلَيْهِ وَسَلّمَ اللّهُ مُوسَى السَّيْرَ الْمَلْ الْعِبَادِ حَتَّى يَجِيءَ وَمُكَرْدُسٌ فِي الْتَارِي . وَالَّذِي نَفْسُ أَبِي هُرَيْدَ أَعُمُ لَلْهُمُ الْمُورَةُ الْمُؤَدِّ مَنْ أُمِرَتُ بِهِ فَمَحْدُوشٌ نَاجٍ وَمُكَرْدَسٌ فِي النّارِ» . وَالَّذِي نَفْسُ أَبِي هُرَيْدَ مَنْ أُمُورَتُ الْمَلْمُ اللّهُ السَّلَمُ اللّهَ عَلَى السَّرَادِ الْمَعَلَى السَّرَامُ الْمَعْرَامُ الْمَالَمُ اللّهَ عَلَى السَّمُ اللّهُ الللّهُ الللّهُ عَلَى السَّمُ اللّهُ اللللّهُ اللّهَ اللّهُ الللّهُ الللّهُ الللّهُ الللللللّهُ الللّهُ اللّهُ الللللّهُ الللّهُ اللّ

رواه مسلم (329 / 195)، (482) ـ (صَحِیح)

বাংলা



৫৬০৮-[৪৩] ও ৫৬০৯-[৪৪] হ্যায়ফাহ্ ও আবৃ হ্রায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তাঁরা বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: আল্লাহ তা'আলা কিয়ামতের দিন সকল মানুষকে একত্রিত করবেন। অতঃপর মু'মিনগণ এক স্থানে দাঁড়াবেন, সবশেষে জান্নাতকে তাদের কাছাকাছি করা হবে। এরপর তারা আদম 'আলায়হিস-এর নিকট এসে বলবে, হে আমাদের পিতা! আমাদের জন্য জান্নাত খুলে দিন। তিনি বলবেন, তোমাদের পিতার অপরাধই তো তোমাদেরকে জান্নাত থেকে বের করে দিয়েছে। অতএব আমি এ কাজের উপযুক্ত নই। তোমরা আমার পুত্র আল্লাহর বন্ধু ইবরাহীম আলায়হিস সালাম-এর কাছে যাও। তিনি বলেন, তখন ইবরাহীম আলায়হিস সালাম বলবেন, এ কাজের যোগ্য আমি নই। আমি আল্লাহর বন্ধু ছিলাম বটে, কিন্তু পশ্চাতে পশ্চাতে (কখনো আল্লাহর সম্মুখীন হওয়ার সুযোগ হয়নি,) বরং তোমরা মূসা আলায়হিস সালাম -এর দারস্থ হও। যার সাথে আল্লাহ তা'আলা সরাসরি কথা বলেছেন। অতএব তারা মূসা আলায়হিস সালাম -এর কাছে আসবে। তিনি বলবেন, আমি এর যোগ্য নই। তোমরা 'ঈসা আলায়হিস সালাম -এর কাছে যাও। তিনি আল্লাহর কালিমাহ এবং তাঁর রূহ। তখন 'ঈসা আলায়হিস সালাম বলবেন, আমি যোগ্য নই। সবশেষে তারা মূহাম্মাদ (সা.)-এর নিকট আসবে।

তখন তিনি ('আরশের ডানপার্শ্বে) দাঁড়াবেন। (শাফা'আতের জন্য) তাঁকে অনুমতি দেয়া হবে। অতঃপর আমানত ও রেহেমকে (আত্মীয়তার সম্পর্কে) পাঠানো হবে, তখন উভয়টি (ইনসাফের প্রার্থী হয়ে) পুলসিরাতের ডানে ও বামে দুই পার্শে দাড়িয়ে যাবে। তার উপর দিয়ে এবার লোকেরা অতিক্রম করতে থাকবে। তোমাদের প্রথম দল বিদ্যুতের মতো চলে যাবে। আবূ হুরায়রাহ (রাঃ) বলেন, আমি প্রশ্ন করলাম, হে আল্লাহর রাসূল! আমার পিতামাতা আপনার প্রতি কুরবান, বিদ্যুতের মতো চলে যাবে' এর অর্থ কী? তিনি বলবেন, তোমরা কি দেখতে পাও না, বিদ্যুতের রশ্মি কিরূপে দ্রুত গতিতে চলে যায় এবং চোখের পলকেই পুনরায় ফিরে আসে? তারপরের দল বাতাসের মতো এবং পুরুষদের দৌড়ের মতো আমল তাদেরকে (সম্মুখের দিকে) নিয়ে যাবে। আর তোমাদের নবী পুলসিরাতের উপর দাঁড়িয়ে বলতে থাকবেন, 'ইয়া- রব্বি! সাল্লিম সাল্লিম (অর্থাৎ হে আমার রব। নিরাপদে রাখ, নিরাপদে রাখ)

পরিশেষে কিছুসংখ্যক বান্দার 'আমল এতই কম হবে যে, তাদের পুলসিরাত অতিক্রম করার সাধ্য থাকবে না। এমনকি সে সময় এক লোক হামাগুড়ি দিতে দিতে অতিক্রম করবে। রাসূলুল্লাহ (সা.) বলেছেন, পুলসিরাতের উভয় কিনারায় আংটা ঝুলন্ত থাকবে। যাকে পাকড়াও করার নির্দেশ থাকবে উক্ত আংটা তাকে পাকড়াও করবে। ফলে কেউ কেউ ক্ষতবিক্ষত অবস্থায় মুক্তি পাবে আবার কোন কোন ব্যক্তিকে হাত-পা বাঁধা অবস্থায় জাহান্নামে নিক্ষেপ করা হবে। শপথ ঐ সন্তার! যার হাতে আবৃ হুরায়রার প্রাণ! জাহান্নামের গভীরতা সত্তর বছর দূরত্বের সমান। (মুসলিম)

ফুটনোট

সহীহ: মুসলিম ৩২৯-(১৯৫), সহীহুল জামি' ৮০২৭, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩৬৪২, মুসনাদে বাযযার ২৮৪০, আবৃ ইয়া'লা ৬২১৬, আল মুসতাদরাক লিল হাকিম ৮৭৪৯।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন